

# প্রশ্নফাঁসের নিয়োগ পরীক্ষা বাতিলের দাবি

নিজস্ব প্রতিবেদক

১৫ জুলাই ২০২৪, ১২:০০ এএম



প্রশ্নফাঁসে যেসব নিয়োগ হয়েছে সেসব পরীক্ষা ও নিয়োগ বাতিল এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন সরকারি চাকরিপ্রত্যাশীরা। এ দাবিতে গতকাল রবিবার রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) ভবনের সামনে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে একদল চাকরিপ্রত্যাশী। এ সময় তারা ৪৪, ৪৫ ও ৪৬তম বিসিএসের সব কার্যক্রম বাতিলের দাবি জানান।

মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বাংলাদেশ ডিপ্লোমা প্রকৌশলী চাকরিপ্রত্যাশী ব্যানারে অংশ নেওয়া কয়েকজন বলেন, গত ১৮ মার্চ জুনিয়র ইনস্ট্রাক্টর ও ৫ জুলাই বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ায় নিয়োগ পরীক্ষা বাতিল এবং নতুন পরীক্ষা নেওয়া ও জড়িতদের শাস্তি দিতে হবে। সেই সঙ্গে যারা এসব প্রশ্নে পরীক্ষা দিয়ে নিয়োগ পেয়েছেন তাদের নিয়োগ বাতিল করতে হবে।

মানববন্ধনকারীরা বলেন, বিগত ৪৪, ৪৫ ও ৪৬তম বিসিএসের সব কার্যক্রম বাতিল করে পুনরায় পরীক্ষা নিতে হবে। একই সঙ্গে বিসিএস পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসে নিয়োগ পাওয়া ক্যাডারদের নিয়োগ বাতিল করে শূন্য পদে নিয়োগ এবং প্রশ্নফাঁসে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে।